স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ ও জুন, ২০১৪

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

প্রথম পত্র (1st Paper : **Sahitya O Sanskritir Itihas**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) চর্যাপদ কে, কোথা থেকে, কোন্ সময়ে আবিষ্কার করেন ? বঙ্গভাষা ও সাহিত্যে চর্যাপদগুলির গুরুত্ব বিচার করুন।

(খ) বাংলা সাহিত্যে বিদ্যাপতির অবদান নির্ণয় করুন।

(গ) কৃত্তিবাসের সময় ও পরিচয় দিয়ে, তার রচনার বিশেষত্বের বিবরণ দিন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) ''এ যুগে জন্মাইলে তিনি ঔপন্যাসিক হইতেন'' এই উক্তির আলোকে মুকুন্দ চক্রবর্তীর কাব্য বিচার করুন।

(ঙ) বঙ্গসাহিত্যে সৈয়দ আলাওলের কৃতিত্বের পরিচয় দিন।

(চ) রবীন্দ্রনাথের সোনার তরী-চিত্রা-চৈতালির গুরুত্ব বিশ্লেষণ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) বঙ্গসাহিত্যে কৃষ্ণদাস কবিরাজের গুরুত্ব এবং কৃতিত্ব নির্ণয় করুন।

(খ) বাংলা কবিতায় মধুসূদন দত্তের অবদানের আলোচনা করুন।

(গ) বাংলাভাষা ও সাহিত্যে চৈতন্যাবদানের পরিচয় দিন।

(ঘ) বঙ্গ সংস্কৃতিতে ইসলামের প্রভাবগুলির বিবরণ দিন।

(ঙ) উনিশ শতকীয় উত্তর কলকাতার নাট্যমঞ্চ এবং নাট্য আন্দোলনের তথ্যাদির আলোচনা করুন।

(চ) বাংলা কবিতায় নজরুল ইসলাম অথবা বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের ভূমিকা ও কৃতিত্বের বিশ্লেষণ করুন।

(ছ) বাংলা নাটকে দীনবন্ধু মিত্র অথবা দ্বিজেন্দ্রলাল রায়ের অবদানের পরিচয় দিন।

(জ) বাংলা গদ্যে স্বামী বিবেকানন্দ অথবা রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর গুরুত্ব নির্ধারণ করুন।

(ঝ) উপন্যাসে শরৎচন্দ্র অথবা মানিক বন্দ্যোপাধ্যায়ের গুরুত্বের কারণ বিশ্লেষণ করুন।

৩। যে-কোনো **চারটি** প্রসঙ্গে সংক্ষিপ্ত আলোচনা করুন ঃ

৬ × ৪ = ২৪

(ক) 'চৈতন্যলীলার ব্যাস' কে, কাকে বলেছিলেন ? তাঁর চৈতন্যলীলা বিষয়ক গ্রন্থটির নাম কী এবং গুরুত্বই বা কী ?

(খ) 'যুগসন্ধির কবি' কাকে বলা হয় ? তাঁর কাব্য, সম্পাদিত পত্রিকা এবং দু'জন শিষ্যের নাম করুন।

(গ) 'ভোরের পাখি' কে, কাকে, কি জন্য বলেছিলেন ?

(ঘ) 'তিতাস একটি নদীর নাম' কার লেখা ? গ্রন্থটির গুরুত্ব কী ?

(ঙ) 'ফুলমণি ও করুণার বিবরণ' কার রচনা, এর বিষয় এবং গুরুত্বের উল্লেখ করুন।

(চ) সংক্ষিপ্ত পরিচয় দিন — স্বর্ণলতা দেবী অথবা মানকুমারী বসু।

(ছ) বাংলা গদ্যে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান কী ?

(জ) গদ্যশিল্পী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পরিচয় দিন।

(ঝ) নাটুকে রামনারায়ণের বিখ্যাত নাটকগুলির নাম করুন।

(ঞ) উপসর্গ হিসেবে বাংলায় আরবী ফার্সি শব্দাংশের পাঁচটি ব্যবহারের উল্লেখ করুন।

(ট) সংক্ষিপ্ত আলোচনা করুন — নাম ä c ‰£, বঙ্গভঙ্গ।